ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-৬২৬</u>
আগরতলা, ৮ মে, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

২৪ এপ্রিল, ২০২৫ দৈনিক সংবাদ পত্রিকায় 'তেলিয়ামুড়ায় দু'টি দেশী বন্দক ও গোলাবারুদ পাওয়া গেছে' শীর্ষক সংবাদটি রাজ্য পুলিশের দৃষ্টি গোচর হয়েছে। এ বিষয়ে রাজ্য পুলিশের পক্ষ থেকে এক স্পষ্টিকরণে বলা হয়েছে খোয়াই জেলায় পুলিশ সুপারের রিপোর্ট অনুযায়ী ২৪ এপ্রিল, ২০২৫ প্রাপ্ত গোপন তথ্যের ভিত্তিতে তেলিয়ামুড়া থানা এবং এসবি দুইটি দেশী বন্দুক এবং একটি লোহার পাইপ ডুইকোরমো এলাকার এক নর্দমা থেকে উদ্ধার করে। একটি হলুদ রঙের প্লাস্টিকের ব্যাগে মোড়া লোহার পাইপটি বুলেটের মতো লাগছিল। এই উদ্ধারকৃত জিনিসগুলি U/S-106 BNSS মূলে বাজেয়াপ্ত করা হয় এবং ২৫ এপ্রিল, ২০২৫ তারিখে এলডি কোর্টে জমা করা হয়। দপ্তরের গোয়েন্দা শাখা নিজেদের পরিচিত লোকদের মাধ্যমে উদ্ধারকৃত জিনিসগুলির প্রকৃত মালিক খুঁজে বের করার চেষ্টা চালায়। সংশ্লিষ্ট এলাকায় শান্তি বিরাজ করছে এবং এই ঘটনার পর স্থানীয় জনগণের পক্ষ থেকে কোন উদ্বেগ প্রকাশ করা হয়নি।

*****